

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, জুন ১১, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৩/১০ই জুন, ১৯৯৬

এস, আর, ও, নং ৯০-আইন/৯৬/শা-৬/এ-৫/৯৩—যেহেতু অত্র মন্ত্রণালয়ের ৯ই কার্তিক, ১৪০১ বাংলা মোতাবেক ২৪শে অক্টোবর, ১৯৯৪ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং-৩০৮ আইন/৯৪/শা-৬/এ-৫/৯৩ (অংশ) দ্বারা পুনর্গঠিত তৃতীয় শ্রম আদালত, ঢাকা এর মালিক পক্ষের প্রতিনিধি প্যানেলের ক্রমিক নং (৩) এ উল্লিখিত সদস্য জনাব এম, টি, উদ্দিন, সেক্রেটারী, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, চাঁদ ম্যানসন, ৬৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা তাহার চাকুরী হইতে অব্যাহতি জনিত কারণে প্রতিনিধিত্বমূলক যোগ্যতা হারাইয়াছেন।

যেহেতু, উক্ত কারণে সৃষ্ট উপরি-উল্লিখিত পদের সাময়িক শূন্যতা পূরণ করা প্রয়োজন;  
সেইহেতু Industrial Relations Rules, 1977 এর rules 37(a) এবং 38 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনাব দেওয়ান আব্দুল ফজল চৌধুরী শ্রম উপদেষ্টা, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশনকে উক্ত পদের অসম্পূর্ণ মেয়াদের জন্য উক্ত ক্রমিক নং (৩) এর বিপরীতে অন্তর্ভুক্ত করতঃ উপরি-উল্লিখিত প্যানেলের সাময়িক শূন্যতা পূরণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, ইসহাক ভূইয়া

উপ-সচিব (সংস্থাপন)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৯৪৫৯)

মূল্য: টাকা ১.০০